সংবাদ

তারিখ 20 JAN 2008
পৃষ্ঠা ৪ কলাম ৭

Report. 82

বিভাগ চালুর আগেই নিয়োগ

# পাবনা সিটি কলেজের ৩৩ জন শিক্ষক কর্মচারীর এমপিও হয়নি ৩ বছরেও

নিজস্ব বার্তা পরিবেশক, পাবনা

৩ বছরেও পাবনা সিটি কলেজের বিএ, বিকম ও বিএসএস বিভাগের ২৬ জন শিক্ষক ও ৭ কর্মচারীর চাকরি এমপিওভুক্ত হয়নি। তিনটি বিভাগে শিক্ষক নিয়োগ দেয়া হলেও জাতীয় বিশ্ববিদ্যালয় শুধু বিকম শ্রেণীতে শিক্ষার্থী ভর্তির অনুমতি দিয়েছে। মোটা অঙ্কের অনুদান নিয়ে এসব শিক্ষক-কর্মচারী নিয়োগ করা হয় বলে অভিযোগ রয়েছে।

কলেজের সাবেক ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফাতেমা খাতুন জানান, যথাযথ পদ্ধতি অনুসরণ না করে শিক্ষক নিয়োগ দেয়ায় তাদের এমপিওভুক্তি হচ্ছে না। এছাড়াও অবকাঠামোসহ অন্যান্য শর্ত পূরণ না হওয়ায় বিএ ও বিএসএস শাখার অনুমোদন দিচ্ছে না জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ।

স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত একাধিক শিক্ষকের অভিযোগ, অধ্যক্ষ ও তৎকালীন কলেজ পরিচালনা পরিষদ 'নিয়োগ বাণিজ্য' করার জন্যই তাদের নিয়োগ দেয়। অধ্যক্ষসহ পরিচালনা পরিষদের বেশিরভাগ সদস্য জেলা বিএনপির শীর্ষস্থানীয় নেতা হওয়ায় তারা গা-ঢাকা দিয়েছে। ভুক্তভোগী শিক্ষক-কর্মচারীদের অভিযোগ, মোটা অঙ্কের অনুদান নিয়ে তাদের নিয়োগ দেয়া হয়েছে। ৩ বছর ধরে বেতন-ভাতা না পাওয়ায় তারা পরিবার-পরিজন নিয়ে মানবেতর জীবনযাপন করছেন।

এদিকে একটি সূত্র জানায়, ২০০৫-০৬ শিক্ষাবর্ষে কলেজে ১১ জন শিক্ষার্থী ভর্তি হলেও বর্তমান শিক্ষাবর্ষে মাত্র ৭ জন ছাত্রছাত্রী কলেজে ভর্তি হয়েছে।